ইনকিলাব

30 APR 2013

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭

# আশিয়ান মেডিকেল কলেজ অনুমোদন, হাইকোর্টে স্থগিত

স্টাফ রিপোর্টার : বেসরকারি আশিয়ান মেডিকেল কলেজকে স্বাস্থ্য মন্ত্রণালয়ের দেয়া নীতিগত অনুমোদন ও একাডেমিক অনুমোদন স্থগিত করেছেন হাইকোর্ট। একইসঙ্গে আশিয়ান মেডিকেল কলেজের নির্মাণ কাজ বন্ধ রাখতে কলেজের প্রিন্সিপালকে নির্দেশ দেন আদালত। এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি মির্জা হোসেইন হায়দার ও বিচারপতি মুহাম্মদ খুরশীদ আলম সরকারের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। পাশাপাশি আদালত দুটি রুলও জারি করেন। রুলে আশিয়ান মেডিকেল কলেজকে স্বাস্থ্য মন্ত্রণালয়ের দেয়া নীতিগত ও একাডেমিক অনুমোদন কেন বাতিল করা হবে না-তা জানতে চেয়েছেন আদালত। এছাড়াও আদালত অনুমোদনহীন ভবন নির্মাণ বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে কেন নির্দেশ দেয়া হবে না তা জানতে চেয়ে রাজউক চেয়ারম্যানের প্রতি রুল জারি করেন। চার সপ্তাহের মধ্যে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সচিব, সিনিয়র সহকারী সচিব; রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান ও আশিয়ান মেডিকেল-কলেজের প্রিন্সিপালকে রুলের জবাব দিতে বলা হয়েছে। আদালতে আবেদনের পক্ষে ছিলেন এ্যাডভোকেট মো. দেলোয়ার হোসেন ও এ্যাডভোকেট সালমা বেগম।

মো. দেলোয়ার হোসেন বলেন, আশিয়ান মেডিকেল কলেজের বিষয়ে আদালত রোববার উক্ত আদেশ দেন। তিনি জানান, স্বাস্থ্য মন্ত্রণালয় ২০১২ সালের ২২ অক্টোবর (মোমো-শাপকম/চিশি-২/বেসমেক ও ডেকন্স-১/২০০৮(অংশ-২)/৪০১) আশিয়ান মেডিকেল কলেজকে নীতিগত অনুমোদন দেন। এছাড়া ২০১২ সালের ২৭ ডিসেম্বর স্বাস্থ্য মন্ত্রণালয় (মোমো-শাপকম/চিশি-২/বেসমেক ও ডেকন্স-১/২০০৮(অংশ-২)/৬৭৯) কলেজের একাডেমিক অনুমোদন দেন। আইনজীবী দেলোয়ার হোসেন বলেন, বেসরকারি মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা ২০১১ (সংশোধিত) লংঘন করে এ অনুমোদন দেয়া হয়েছে। কারণ নীতি মালার ২.২ এ রয়েছে, ন্যূনতম ৫০ জন ছাত্র-ছাত্রীর আসন বিশিষ্ট বেসরকারী মেডিকেল কলেজ স্থাপনের জন্য মেট্রোপলিটন সিটি এলাকার কমপক্ষে কলেজের নামে দুই একর জমি অথবা নিজস্ব জমিতে একাডেমিক ভবনের জন্য একলাখ বর্গফুট জায়গা থাকতে হবে। এটা আশিয়ান সিটির নেই। আশিয়ানের জমি আছে তবে, পরিমাণে কম। তিনি আরো বলেন, কলেজের অনুমোদন দেয়ার সময় মন্ত্রণালয়ের পরিদর্শন কমিটির রিপোর্টে ৬ তলা ভবনে ২ লাখ বর্গফুট সম্পন্ন ফ্লোর স্পেসে একাডেমিক কার্যক্রমের বিভিন্ন বিভাগ সাজানো হয়েছে বলে উল্লেখ করা হয়। কিন্তু বাস্তবে তাদের ছয়তলা ভবন নেই।